

**১০টি ক্যাডেট কলেজের ৪৮২ জন  
এসএসসি পরীক্ষার্থী জিপিএ-৫  
পেয়েছে : ৪৭ জন জিপিএ-৪**

আইএসপিআর : দেশের একটি গার্লস ক্যাডেটসহ ১০টি ক্যাডেট কলেজ এবারও মাধ্যমিক স্তর সার্টিফিকেট পরীক্ষায় অভাবনীয় ফলাফল করেছে। ক্যাডেট কলেজগুলো থেকে এ বছর মোট ৫৩০ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এতে জিপিএ-৫ পেয়েছে ৪৮২ জন পরীক্ষার্থী। যার শতকরা হার ৯০ দশমিক ৯৪%। এর মধ্যে ফৌজদারহাট ক্যাডেট কলেজের ৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন, তিনাইদহ ক্যাডেট কলেজের ৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫২ জন, মির্জাপুর ক্যাডেট কলেজের ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৯ জন, রাজশাহী ক্যাডেট কলেজের ৫২ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫০ জন, সিলেট ক্যাডেট কলেজের ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৩ জন, রংপুর ক্যাডেট কলেজের ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৭ জন, বরিশাল ক্যাডেট কলেজের ৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫২ জন, পাবনা ক্যাডেট কলেজের ৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫২ জন, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের ৬০ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন, কুমিল্লা ক্যাডেট কলেজের ৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। এছাড়া এসব কলেজের আরও কৃতকার্ব-৪৭ জন পরীক্ষার্থী জিপিএ-৪ (এ) পেয়েছে।